

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: পুঁজিবাজারের বিভিন্ন পলিসি নিয়ে বিএসইসি, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স, ডিএসই, সিএসই ও সিডিবিএল এর সাথে সভা।


অদ্য ০২ নভেম্বর ২০২৪ তারিখে বিএসইসি, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স, ডিএসই, সিএসই ও সিডিবিএল এর সাথে সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স এর সকল সদস্যবৃন্দ এবং ডিএসই এর এমডি'র নেতৃত্বে প্রতিনিধি দল, সিএসই এর সিআরও এর নেতৃত্বে প্রতিনিধি দল ও সিডিবিএল এর এমডি'র নেতৃত্বে প্রতিনিধি দল উপস্থিত ছিলেন।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ সভায় অন্যান্যের মধ্যে বলেন, পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের স্বার্থে পুঁজিবাজার সংশ্লিষ্ট সংস্কারের জন্য বিএসইসি কাজ করছে। সকলের সাথে সমন্বয় করেই বাজারের জন্য ভালো কিছু করতে চাই। বিনিয়োগকারীদের কল্যাণের কথা ভেবে বিএসইসি বাজারে ক্যাপিটাল গেইনের উপর আরোপিত কর হার হ্রাসের বিষয়ে সরকার এবং এনবিআরের সাথে কথা বলছে। এই বিষয়টির সমাধানে আমাদের উদ্যোগ অব্যাহত রয়েছে। খুব দ্রুতই এবিষয়টিতে আমরা ভালো কিছু নিয়ে আসতে পারবো বলে আশা করছি। তিনি পুঁজিবাজারের সার্ভেইল্যান্স সিস্টেমের উন্নয়নে বিএসইসি বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে এবং বিএসইসি'র সার্ভেইল্যান্স সিস্টেমের আধুনিকায়নে বিশ্বব্যাপকের সাথে আলোচনা চলছে বলে উল্লেখ করেন।

অনুষ্ঠিত সভায় সাধারণ বিনিয়োগকারী এবং পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের স্বার্থে পুঁজিবাজারের বিভিন্ন পলিসি নিয়ে বিএসইসি, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স, ডিএসই, সিএসই ও সিডিবিএল এর মধ্যে খোলামেলা আলোচনা হয়। এসময় অন্যান্যের মধ্যে পুঁজিবাজারের বিদ্যমান কর নীতির প্রয়োজনীয় সংস্কার, পুঁজিবাজারের সার্ভেইল্যান্স এর মান উন্নয়ন ও সার্ভেইল্যান্স এর মাধ্যমে অনিয়মের সাথে জড়িতদের বিচারের আওতায় আনয়নসহ সার্ভেইল্যান্স ব্যবস্থার সংস্কার এবং পুঁজিবাজারের বিদ্যমান শেয়ার লেনদেনের সেটেলমেন্ট সময়কে আরো দ্রুত করা ও বিনিয়োগকারীসহ বাজার সংশ্লিষ্টদের জন্য সুবিধাজনক করার বিষয়সমূহ নিয়ে আলোচনা হয়। পুঁজিবাজারের অনিয়ম রোধে এবং কারসাজিকারীদের শাস্তির আওতায় আনতে সার্ভেইল্যান্স কার্যক্রম আধুনিকায়ন বিস্তারিত আলোচনা হয়। এসময় সভায় উপস্থিত সকলে বিএসইসি'র পাশাপাশি এক্সচেঞ্জসমূহ এর সার্ভেইল্যান্স সিস্টেমের উন্নয়ন এবং তাদের সার্ভেইল্যান্স কার্যক্রমও জোরদার করা প্রয়োজন মর্মে মত দেন। বাজারে প্রাইস ম্যানুপুলেশন ও ইনসাইডার ট্রেডিংসহ অন্যান্য অনিয়ম রোধকল্পে বিএসইসি, ডিএসই, সিএসই সকলের সমন্বিত উদ্যোগের মাধ্যমে পুঁজিবাজারের সার্ভেইল্যান্স কার্যক্রম আরো শক্তিশালীকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও পুঁজিবাজারকে আরো গতিশীল করতে ও বিনিয়োগকারীদের বিনিয়োগ আগ্রহী করতে পুঁজিবাজারে বিদ্যমান কর নীতির সংস্কার আনয়নে এবং কর হার অধিকতর যৌক্তিকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।

সভার আলোচনায় পুঁজিবাজারের বিদ্যমান শেয়ার লেনদেনের সেটেলমেন্ট সময়কে আরো দ্রুত করা এবং বিনিয়োগকারীসহ বাজার সংশ্লিষ্টদের জন্য সুবিধাজনক করার জন্য কিভাবে কাজ করা যেতে পারে, করার প্রক্রিয়াসহ এর সুবিধা-অসুবিধা ও ফলাফল ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এসময় উক্ত বিষয়ে ডিএসই, সিএসই, সিডিবিএল, পুঁজিবাজারের ব্রোকারেজ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিসহ বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি নিয়ে কমিটি করার সিদ্ধান্ত হয়। সভায় উপস্থিত সবাই দেশের পুঁজিবাজারকে সংস্কার ও উন্নয়নের মাধ্যমে আরো ভালো অবস্থানে নিয়ে যেতে একসাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

আজকের সফল ও ফলপ্রসূ সভার প্রেক্ষিতে দেশের পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত পুঁজিবাজার সংশ্লিষ্টদের মতামতের ভিত্তিতে আলোচিত বিষয়গুলোতে দ্রুত সমন্বিত উদ্যোগের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে এবং এটি শীঘ্রই দেশের পুঁজিবাজারের জন্য দীর্ঘমেয়াদী সুফল বয়ে আনবে বলে আশা করা যাচ্ছে।



মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র

